

আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নম্বরঃ ৫৬৯

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০) ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করা ও অলসতা বশতঃ নামাযের সময় পার করে দেয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك الصلاة تعمدا وإخراجها عن وقتها تهاونا

আরবী

(حسن لغيره) وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، عَلَّمَنِي عَمَلًا إِذَا أَنَا عَمَلْتُهُ دَخَلْتُ الْجَنَّةَ، قَالَ لَا تُشْرِكْ بِاللَّهِ شَيْئًا وَإِنْ عَذِبْتَ حُرِّقْتَ وَأَطْعَ وَالِدَيْكَ وَإِنْ أَخْرَجَاكَ مِنْ مَالِكَ وَمِنْ كُلِّ شَيْءٍ هُوَ لَكَ وَلَا تَتْرُكِ الصَّلَاةَ مُتَعَمِّدًا، فَإِنَّهُ مَنْ تَرَكَ الصَّلَاةَ مُتَعَمِّدًا فَقَدْ بَرِئَتْ مِنْهُ ذِمَّةُ اللَّهِ .
الحديث رواه الطبراني في الأوسط

বাংলা

৫৬৯. (হাসান লি গাইরিহী) মুআ'য বিন জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসুলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট জনৈক লোক আগমণ করে বলল, হে আল্লাহর রাসূল! আমাকে এমন কিছু আমল শিখিয়ে দিন, উহা বাস্তবায়ন করলে যেন আমি জান্নাতে প্রবেশ করি।

তিনি বললেনঃ "তুমি আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না- যদিও তোমাকে শাস্তি দেয়া হয় বা আগুনে পুড়িয়ে ফেলা হয়। পিতা-মাতার আনুগত্য করবে- যদিও তারা তোমাকে তোমার সম্পদ ও তোমার মালিকানাধীন সকল বস্তু থেকে বহিস্কার করে দেয়। ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করবে না। কেননা যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করবে, তার থেকে আল্লাহর জিম্মাদারী মুক্ত হয়ে যাবে।" (হাদীছটি বর্ণনা করেছেন ত্বাবরানী)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88440>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন